



“কৃষি সম্বিদ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
সোনাগাজী, ফেনী।

## ঘূর্ণিঝড় “মোখা” এর সম্ভাব্য প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ আবহাওয়া পরিস্থিতির পুর্বাভাস অনুযায়ী দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণ্টিভূত হয়ে ঘূর্ণিঝড় “মোখা”য় পরিণত হয়েছে। এটি ক্রমাগত জোরদার হয়ে নিকটবর্তী হচ্ছে। আগামী ১২-১৪ মে, ২০২৩ সম্ভাব্য ঘূর্ণিঝড় ‘মোখা’ এর কারণে ঝাড়ো হাওয়া এবং হালকা থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দড়ায়মান ফসলের উপর ঝাড়ো হাওয়া এবং ভারী বৃষ্টিপাতের প্রভাব ফেলতে পারে। ঘূর্ণিঝড়ের ক্ষতির হাত থেকে ফসল রক্ষার জন্য নিম্নোক্ত জরুরী কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ দেওয়া হলো-

- ১। বোরো ধান ৮০% পরিপক্ষ হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- ২। সংগ্রহ করা ফসল পরিবহন না করা গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝোড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। দ্রুত পরিপক্ষ সবজি ও ফল সংগ্রহ করে ফেলুন।
- ৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৫। দড়ায়মান ফসলকে পানির স্বোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- ৬। নিষ্কাশন নালা পরিক্ষার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ রাখুন।
- ৮। আশ্বের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুরুরের চারপাশ জাল দিয়ে ধিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- ১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।

\*\* ঘূর্ণিঝড় সম্পর্কিত হালনাগাদ পরামর্শের জন্য আপনার স্লকে উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সোনাগাজী, ফেনীর সাথে যোগাযোগ করুন। বামিস পোর্টাল ([bamis.gov.bd](http://bamis.gov.bd)) দেখুন।

২৪/০৯/০৫/২০২৩  
(মাইন উদ্দিন আহমেদ)  
উপজেলা কৃষি অফিসার  
সোনাগাজী, ফেনী।